

২ দিন বন্ধ থাকবে চট্টগ্রামসহ চার জেলার সব শিক্ষাপ্রতিষ্ঠান

অনলাইন ডেস্ক

৮ আগস্ট ২০২৩ ০৫:২৪ পিএম | আপডেট: ৮ আগস্ট ২০২৩ ০৭:১৩
পিএম

37
Shares



চট্টগ্রামের একটি শিক্ষাপ্রতিষ্ঠান। ছবি: সংগৃহীত

advertisement..

অতি বৃষ্টি ও বন্যা পরিস্থিতির কারণে আগামী বুধবার ও বৃহস্পতিবার চট্টগ্রামসহ চার জেলার সব শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ থাকবে। আজ মঙ্গলবার রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে এইচএসসি পরীক্ষা নিয়ে আয়োজিত ব্রিফিংয়ে এ তথ্য জানান শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। চট্টগ্রাম ছাড়া বাকি তিন জেলা হলো বান্দরবান, কক্সবাজার ও খাগড়াছড়ি।

শিক্ষামন্ত্রী বলেন, সেখানে ভারি বৃষ্টিপাতের কারণে বন্যার সৃষ্টি হয়েছে। এ জন্য কাল ও পরশু বান্দরবান, কক্সবাজার, খাগড়াছড়ি ও চট্টগ্রাম জেলার সব শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ থাকবে।

advertisement

এর আগে গতকাল সোমবার মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর এবং মাদরাসা শিক্ষা অধিদপ্তর থেকে জরুরি নির্দেশনায় আজ মঙ্গলবার চট্টগ্রাম মহানগরীর সব শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করা হয়। একই সঙ্গে বন্যায় যাতে প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ নথিপত্র নষ্ট না হয়, সেদিকে নজর রাখতে শিক্ষক-কর্মচারীদের নির্দেশনা দেওয়া হয়।

37
Shares